

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৩৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮২. যিনি বলেন, ইমামের সাথে এক কাতার দাঁড়াবে এবং আরেক এক কাতার দাঁড়িয়ে থাকবে শক্রর মোকাবিলায়। ইমাম তার নিকটস্থ কাতারের লোকদের নিয়ে এক রাক'আত সালাত আদায় করে ইমাম ততক্ষণ দাঁড়িয়ে থাকবেন যতক্ষণ না তার সাথে এক রাক'আত সালাত আদায়কারীরা নিজস্বভাবে তাদের দ্বিতীয় রাক'আত আদায় করে নেয়। অতঃপর তারা শক্রর সম্মুখে চলে যাবে এবং দ্বিতীয় দল আসবে। ইমাম তাদেরকে নিয়ে এক রাক'আত আদায় করবেন। অতঃপর তিনি ততক্ষণ বসে থাকবেন যতক্ষন এরা নিজস্বভাবে নিজ নিজ দ্বিতীয় রাক'আত পূর্ণ করে নেয়। অতঃপর ইমাম সকলকে নিয়ে এককে সালাম ফিরাবেন।

باب مَنْ قَالَ يَقُومُ صَفُّ مَعَ الإِمَامِ وَصَفُّ وِجَاهَ الْعَدُوِّ فَيُصَلِّي بِالَّذِينَ يَلُونَهُ رَكْعَةً ثُمَّ يَقُومُ قَائِمًا حَتَّى يُصِلِّي بِالَّذِينَ يَلُونَهُ رَكْعَةً أُخْرَى ثُمَّ يَنْصَرِفُونَ فَيَصِنُفُّونَ وِجَاهَ الْعَدُوِّ وَتَجِيءُ الطَّائِفَةُ الأُخْرَى فَيُصلِّي بِهِمْ رَكْعَةً وَيَثْبُتُ جَالِسًا فَيُتِمُّونَ لأَنْفُسِهِمْ رَكْعَةً أُخْرَى ثُمَّ يُسَلِّمُ بِهِمْ جَمِيعًا جَمِيعًا

### আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ، عَنْ أَبِيهِ، عَنْ صَالِحِ بْنِ خَوَّاتٍ، عَنْ سَهْلِ بْنِ أَبِي حَتْمَةَ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم صَلَّى بِأَصْحَابِهِ فِي خَوْفٍ فَجَعَلَهُمْ خَلْفَهُ صَنَقَيْنِ، فَصَلَّى بِالَّذِينَ يَلُونَهُ رَكْعَةً، ثُمَّ قَامَ فَلَمْ يَزَلْ قَائِمًا حَتَّى صَلَّى الَّذِينَ كَانُوا قُدَّامَهُمْ، فَصَلَّى يَزَلْ قَائِمًا حَتَّى صَلَّى الَّذِينَ كَانُوا قُدَّامَهُمْ، فَصَلَّى بِهِمُ النَّبِيُّ صلى الله عليه وسلم رَكْعَةً ثُمَّ قَعَدَ حَتَّى صَلَّى الَّذِينَ تَخَلَّفُوا رَكْعَةً ثُمَّ سَلَّى الَّذِينَ تَخَلَّفُوا رَكْعَةً ثُمَّ سَلَّى الَّذِينَ تَخَلَّفُوا رَكْعَةً ثُمَّ سَلَّى النَّذِينَ تَخَلَّفُوا رَكْعَةً ثُمَّ سَلَّى

\_ صحیح : ق

#### বাংলা

১২৩৭। সাহল ইবনু আবূ হাসমাহ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদেরকে নিয়ে সালাতুল খাওফ আদায় করেন। তিনি তাঁর পিছনে সাহাবীদেরকে দুই কাতারে দাঁড় করান। অতঃপর তাঁর কাছাকাছি কাতারের লোকদের নিয়ে এক রাক'আত সালাত আদায় করেন। অতঃপর তাঁর



কাছাকাছি কাতারের লোকেরা নিজেরাই বাকী এক রাক'আত আদায় করে নেন কিন্তু তিনি যথারীতি দাঁড়িয়ে থাকলেন। অতঃপর যারা পিছনের (দ্বিতীয়) কাতারে ছিল তারা সম্মুখে আসলো এবং যারা সম্মুখে ছিল তারা পিছনে চলে গেল। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এদেরকে নিয়ে এক রাক'আত সালাত আদায় করলেন। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বসে রইলেন আর পিছনের লোকেরা বাকী এক রাক'আত পূর্ণ করলো। সবশেষে তিনি সালাম ফিরালেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

## **English**

Narrated Sahl b. Abi Hathmah:

The Prophet () prayed in time of danger and divided them (the people) behind him in two rows. He then led those who were near him in one rak'ah. Then he stood and remained standing till those who were in second row offered one rak'ah. Thereafter they came forward and those who were in front of them (in the first row) stepped backward. The Prophet () led them in one rak'ah of prayer. He sat down till those who were in the second row completed on rak'ah. He then uttered the salutation.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : মাগাযী, অনুঃ গাযওয়া জাতুর রিকা', হাঃ ৪১২৯), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও কাসর, অনুঃ সালাতুল খাওফ) সালিহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সাহল ইবনু আবূ হাসমা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন